

হাজার পাউন্ড গাঁজা খেয়ে উধাও হুঁদুর!

আর্জেন্টিনার রাজধানী বুয়েন্স আয়ার্সে পুলিশের তত্ত্বাবধানে থাকা গুদামঘর থেকে প্রায় এক হাজার পাউন্ড বা ৫০০ কেজি গাঁজা উধাও হয়ে গেছে। গুদাম ঘরের দায়িত্বে নিয়োজিত পুলিশ কর্মকর্তাদের অভিযোগ, ‘হুঁদুরের পালই এই গাঁজাগুলো খেয়ে সাবাড় করেছে।’

এ ঘটনায় এখন পর্যন্ত অন্তত ৮ আর্জেন্টাইন পুলিশ কর্মকর্তাকে বরখাস্ত করা হয়েছে। কর্তৃপক্ষের বরাতে এক প্রতিবেদনে বিষয়টি নিশ্চিত করেছে লন্ডন ভিত্তিক বার্তা সংস্থা রয়টার্স।

প্রতিবেদনে বলা হয়, হুঁদুরের গাঁজা গায়েব করার ঘটনা নতুন নয়। এমনকি বিষয়টি অস্বাভাবিকও নয়। এমনটা এর আগেও বেশ কয়েকবার ঘটেছে। তবে তদন্তকারী ফরেনসিকের দল সব রকম প্রমাণ যাচাই-বাছাই করে জানায়, এ গাঁজা গায়েব পেছনে হুঁদুরের কোনো হাত নেই!

প্রায় দুবছর যাবত গুদামঘরে গাঁজাগুলোকে সংরক্ষিত করে রাখা হয়েছিল। সম্প্রতি গুদামঘর পরিদর্শন করতে গেলে এ গাঁজা গায়েবের বিষয়টি নজরে আসে। হিসাব অনুযায়ী সেখানে প্রায় ১৩,২০০ পাউন্ড বা ৬০০০ কেজি গাঁজা রাখার তথ্য থাকলেও পরিদর্শনকারীদের দল সেখানে মাত্র ১২ হাজার পাউন্ড গাঁজা পায়।

পুলিশের এক কর্মকর্তা জানান, প্রায় এক হাজার পাউন্ড গাঁজা সেখান থেকে গায়েব ছিল। হাজার হুঁদুরের পাল দিয়ে গুদামঘর ভরে না গিয়ে থাকলে এতো পরিমাণ গাঁজা গায়েব হবার কোনো সম্ভাবনা নেই। তাছাড়া পরিদর্শনকারীরা সেখানে কোনো হুঁদুরের সন্ধানও পাননি।